গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
অর্থ ও হিসাব শাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪০.০১.০০০০.০০০.১০২.২০.০০০৮.১৮.৪৬

বিষয়: **২০২৫-২৬ অর্থবছরে iBAS++ সিস্টেমে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের (১৩১০৩) অধীন প্রধান কার্যালয়, উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI), রাজশাহী এর অনুকূলে ০৬ টি অর্থনৈতিক কোড সৃজন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (১৩১০৩০১১১৮৭৯৪), উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ (১৩১০৩০২০০০০০০) এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (১৩১০৩০১১৪২৭০১)-এর বাজেটে ২০২৫-২৬ অর্থবছরে প্রাক্কলিত অর্থ আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ব্যয়ের জন্য নতুন **০৬ (ছয়) টি** অর্থনৈতিক কোড সৃজন করা প্রয়োজন। নিম্নে উক্ত নতুন **০৬ (ছয়)** টি অর্থনৈতিক কোড সৃজনের বর্ণনাসহ যৌক্তিকতা ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্রঃ নং | খাত | অর্থনৈতিক কোড | অফিসের নাম ও কোড | অর্থনৈতিক কোড সৃজনের স্বপক্ষে যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ডাটা সংরক্ষণ ব্যয় | ৩২৫৭৩০৬ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (১৩১০৩০১১১৮৭৯৪) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় কর্তৃক বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সার্ভারে ০৩ টি ডাটাবেজে রক্ষিত বিপুল তথ্য ও উপাত্ত সংরক্ষণ ও ব্যবহার করার সুবিধার্থে চুক্তি সম্পাদন করা হয়েছে **(পরিশিষ্ট-০১)** । উক্ত ডাটা সংরক্ষণ ব্যয় নির্বাহের জন্য চুক্তি সম্পাদন ও সংশ্লিষ্ট কোড **ডাটা সংরক্ষণ ব্যয় ( ৩২৫৭৩০৬)** সৃজনের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে পত্র প্রেরণ করা হয়ছে **(পরিশিষ্ট -০২)।**<br>বর্ণিতাবস্থায়, ২০২৫-২৬ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (১৩১০৩০১১১৮৭৯৪)- এ iBAS++ সিস্টেমে **ডাটা সংরক্ষণ ব্যয় (৩২৫৭৩০৬)** অর্থনৈতিক কোড সৃজন আবশ্যক। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | **অনাবাসিক ভবন** | **৩২৫৮১০৭** | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ (১৩১০৩০২০০০০০০) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ (১৩১০৩০২০০০০০০)-এর ৩১টি কার্যালয়ের মধ্যে বরিশাল, কুমিল্লা, গাজীপুর, নারায়নগঞ্জ, ফরিদপুর, কুষ্টিয়া, ময়মনসিংহ, রংপুর ও মৌলভীবাজার (০৯ টি কার্যালয়ের) এর নিজস্ব ভবন (প্রতিটি ৬ তলা বিশিষ্ট) রয়েছে। বর্ণিত ০৯ টি ভবনের মেরামত ও সংরক্ষণের জন্য **অন্যান্য ভবন ও স্থাপনা (৩২৫৭১০৮)** কোড থেকে ব্যয় নির্বাহ করা হয় যা মূলত **অনাবাসিক ভবন (৩২৫৮১০৭)** কোড থেকে করা আবশ্যক। এমতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরে iBAS++ সিস্টেমে এতদসংক্রান্ত অর্থনৈতিক কোড **অনাবাসিক ভবন (৩২৫৮১০৭)** সৃজন করা প্রয়োজন।<br><br>উল্লেখ্য, **অনাবাসিক ভবন (৩২৫৮১০৭)** সৃজন করা হলে **অন্যান্য ভবন ও স্থাপনা (৩২৫৭১০৮)** খাত হতে অর্থ পুনঃউপযোজনের মাধ্যমে এ ব্যয় মেটানো হবে এবং এ খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হবে না।<br><br>বর্ণিতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরে iBAS++ সিস্টেমে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ (১৩১০৩০২০০০০০০)-এর ০৯ টি নিজস্ব ভবন মেরামত ও সংরক্ষণের জন্য **অনাবাসিক ভবন (৩২৫৮১০৭)** কোড সৃজন আবশ্যক। |
| ০৩ | **সেমিনার/কনফারেন্স ব্যয়** | **৩২১১১১১** | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (১৩১০৩০১১৪২৭০১) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর আওতাধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী (১৩১০৩০১১৪২৭০১)-একটি পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে স্থাপন করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সেমিনার আয়োজনের ব্যয় নির্বাহের জন্য সে **সেমিনার/কনফারেন্স ব্যয় (৩২১১১১১)** কোড সৃজন করা প্রয়োজন।<br>বর্ণিতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী (১৩১০৩০১১৪২৭০১)- এ iBAS++ সিস্টেমে **সেমিনার/কনফারেন্স ব্যয় (৩২১১১১১)** অর্থনৈতিক কোড সৃজন আবশ্যক। |
| ০৪ | **বাগান পরিচর্যা** | **৩২৫৭৩০৪** | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (১৩১০৩০১১৪২৭০১) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন নবসৃষ্ট জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী (১৩১০৩০১১৪২৭০১)-তে ৫ (পাঁচ) একর জমির উপর নির্মিত ৬ তলা বিশিষ্ট ০১ টি একাডেমিক ভবন, ০১টি মহিলা হোস্টেল, ১ টি পুরুষ হোস্টেল, ০১ টি টিসার্স কোয়ার্টার এবং ৩ তলা বিশিষ্ট ০১ টি ইন্সপেকশন বাংলোসহ মোট ০৯ টি ভবন রয়েছে। এছাড়াও এখানে প্রশিক্ষণার্থীদের বিনোদনের জন্য ছোট খেলার মাঠ এবং বাগান রয়েছে। নবনির্মিত ০৯ টি ভবনের সামনের অংশে এবং বাগানে ফুলের গাছ লাগানো ও পরিচর্যার ব্যয়ের জন্য **বাগান পরিচর্যা (৩২৫৭৩০৪) অর্থনৈতিক কোড সৃজন করা প্রয়োজন।** উল্লেখ্য, উক্ত বাগান পরিচর্যার জন্য অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা-৭ শাখা হতে আউটসোর্সিং পদ্ধতিতে সেবাক্রয়ের জন্য গার্ডেনার (বাগানকর্মী) পদের অনুমোদন গ্রহণ করা হয়েছে **(পরিশিষ্ট-০৩)।**<br>বর্ণিতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী (১৩১০৩০১১৪২৭০১)- এ iBAS++ সিস্টেমে **বাগান পরিচর্যা (৩২৫৭৩০৪)** সংক্রান্ত অর্থনৈতিক কোড সৃজন আবশ্যক। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | **পৌরকর** | ৩৮২১১০৩ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (১৩১০৩০১১৪২৭০১) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন নবসৃষ্ট জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী (১৩১০৩০১১৪২৭০১)-তে ৬ তলা বিশিষ্ট ০১ টি একাডেমিক ভবন, ০১টি মহিলা হোস্টেল, ১ টি পুরুষ হোস্টেল, ০১ টি টিসার্স কোয়ার্টার এবং ৩ তলা বিশিষ্ট ০১ টি ইন্সপেকশন বাংলোসহ মোট ০৯ টি ভবন রয়েছে। উক্ত প্রতিষ্ঠানটি রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত। রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক রাসিক/ক আ:শাখা/২৪/২৮৪২ স্মারকে ২০২৪-২৫ অর্থবছরের জন্য ৪৭,৭০,৯০০ টাকা পৌরকর ধার্য করে পত্র প্রেরণ করেছেন **(পরিশিষ্ট-০৪)**। উক্ত পৌর কর ব্যয় নির্বাহের জন্য **পৌরকর (৩৮২১১০৩)** কোড সৃজন করা প্রয়োজন।<br>বর্ণিতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন নবসৃষ্ট জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (১৩১০৩০১১৪২৭০১)-এর ধার্যকৃত পৌরকর পরিশোধের জন্য iBAS++ সিস্টেমে **পৌরকর (৩৮২১১০৩)** অর্থনৈতিক কোড সৃজন আবশ্যক। |
| ০৬ | **অগ্নিনির্বাপক সরঞ্জামাদি** | ৪১১২৩০৫ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (১৩১০৩০১১৪২৭০১) | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন নবসৃষ্ট জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী (১৩১০৩০১১৪২৭০১)-তে ৬ তলা বিশিষ্ট ০১ টি একাডেমিক ভবন, ০১টি মহিলা হোস্টেল, ১ টি পুরুষ হোস্টেল, ০১ টি টিসার্স কোয়ার্টার এবং ৩ তলা বিশিষ্ট ০১ টি ইন্সপেকশন বাংলোসহ মোট ০৯ টি ভবন রয়েছে। উক্ত প্রতিষ্ঠানটির ০৯টি ভবনের অগ্নিনির্বাপক সামগ্রী ক্রয়ের ব্যয় নির্বাহের জন্য **অগ্নিনির্বাপক সরঞ্জামাদি (৪১১২৩০৫)** কোড সৃজন করা প্রয়োজন।<br>বর্ণিতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন নবসৃষ্ট জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (১৩১০৩০১১৪২৭০১)-এর ০৯টি ভবনের অগ্নিনির্বাপক সামগ্রী ক্রয়ের ব্যয় নির্বাহের জন্য iBAS++ সিস্টেমে **অগ্নিনির্বাপক সরঞ্জামাদি (৪১১২৩০৫)** কোড সৃজন আবশ্যক। |

২.উল্লেখ্য, বর্ণিত ০৬ (ছয়)টি অর্থনৈতিক কোড সৃজিত হলে ২০২৫-২৬ অর্থবছরে বরাদ্দকৃত বাজেট হতে পুনঃউপযোজনের মাধ্যমে এ ব্যয় মেটানো হবে। এক্ষেত্রে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন হবে না।

৩. বর্ণিতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরে iBAS++ সিস্টেমে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (১৩১০৩০১১১৮৭৯৪), এবং উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ (১৩১০৩০২০০০০০০) এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (১৩১০৩০১১৪২৭০১)-এর অনুকূলে উপর্যুক্ত ছকে উল্লিখিত **নতুন ০৬ (ছয়) টি অর্থনৈতিক কোড** বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-০১
(২) পরিশিষ্ট-০২
(৩) পরিশিষ্ট-০৩
(৪) পরিশিষ্ট-০৪

২৫-০২-২০২৫
ওমর মোঃ ইমরুল মহসিন
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
৮৮০২২২৬৬৬৪২০২ (ফোন)
৮৮০২২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)
ig@dife.gov.bd

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

উপসচিব, বাজেট শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।